গোপনীয়

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৩০৬/(২০১৫-২০১৬)/২০১৮-২০১৯/ তারিখঃ ০১.১১.২০১৮ ইং

## কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ গোলাম ফারুক, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা(অবসরপ্রাপ্ত), বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, গাজীপুর ইতঃপূর্বে নরসিংদী অঞ্চলাধীন বিকেবি, নরসিংদী শাখায় ব্যবস্থাপক (উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা) হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৮ প্রবিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে ২৭/২০১৫-২০১৬ নম্বর বিভাগীয় শৃংখলাজনিত মামলা রুজু করিয়া ২১.০১.২০১৬ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৩০৬/২০১৫-২০১৬/১৯২১ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন ;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব মোঃ গোলাম ফারুক আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১) (খ),(অ)/(আ)/(ই)/(ঈ)/(উ) প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকুরী হইতে বরখাস্ত অথবা বিকল্প গুরু দন্ড প্রদান করা হইবে না এই মর্মে ০৮.১২.২০১৬ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৩০৬/২০১৫-২০১৬/১৮৯১ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারন দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ গোলাম ফারুক অত্র বিভাগের ০৮.১২.২০১৬ ইং তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব ১৭-০১-২০১৭ ইং তারিখে দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ গোলাম ফারুক আপনাকে অসদাচরণ ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরু দন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক ( কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯ (১) (খ)(আ) প্রবিধি অনুসারে আপনি জনাব মোঃ গোলাম ফারুক আপনাকে আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, নরসিংদী শাখার আয় খাতে জমা করিবার জন্য আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোঃ গোলাম ফারুক (জি-৫০৩)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা (অবসরপ্রাপ্ত )
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়
গাজীপুর।

স্বাক্ষরিত
(মোঃ জহির ইকবাল)
উপ-মহাব্যবস্থাপক

---

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৩০৬/(২০১৫-২০১৬)/২০১৮-২০১৯/ ১৬৪৫(৩) তারিখঃ ০১.১১.২০১৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা ।

০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদেয়র দপ্তর, বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা।

০৪। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা ।

০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা।

০৬। উপ-মহাব্যবস্থাপক,হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত দন্ড সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল ।

০৭। উপ-মহাব্যবস্থাপক,হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। জনাব মোঃ গোলাম ফারুক এর প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া কর্তৃপক্ষীয় উপরোক্ত রায় মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

০৮। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত কর্তৃপক্ষীয় রায় মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

০৯। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

১০। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক,বিকেবি,মুখ্য আঞ্চলিক কার্যালয়, গাজীপুর। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ গোলাম ফারুক এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

১১। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক,বিকেবি,মুখ্য আঞ্চলিক কার্যালয়, নরসিংদী। বিকেবি, নরসিংদী শাখার ঋণ গ্রহীতা জনাব হুমায়ুন কবির আজাদ (মেসার্স বঙ্গ আজাদ লাইব্রেরী এর মালিক) কর্তৃক ব্যাংকে জামানত হিসেবে বন্ধকীকৃত সম্পত্তি তার স্ত্রীর নামে বে-আইনীভাবে ট্রান্সফার করার অপরাধে তার বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং অভিযোগ সংশ্লিষ্ট ঋণ কেইসগুলোর অনাদায়ী টাকা আদায়ের নিমিত্তে শাখা কর্তৃক যথাযথ আইনগত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়টি নিশ্চিত করণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

১২। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, নরসিংদী।

১৩। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, গাজীপুর।

১৪। ব্যবস্থাপক, বিকেবি, নরসিংদী শাখা, নরসিংদী। ঋণ গ্রহীতা জনাব হুমায়ুন কবির আজাদ (মেসার্স বঙ্গ আজাদ লাইব্রেরী এর মালিক) কর্তৃক ব্যাংকে জামানত হিসেবে বন্ধকীকৃত সম্পত্তি তার স্ত্রীর নামে বে-আইনীভাবে ট্রান্সফার করার অপরাধে তার বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং অভিযোগ সংশ্লিষ্ট ঋণ কেইসগুলোর অনাদায়ী টাকা আদায়ের নিমিত্তে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল। এছাড়া, উপরোক্ত কর্তৃপক্ষীয় রায় মোতাবেক জনাব মোঃ গোলাম ফারুক এর প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা এককালীন কর্তনের ক্রেডিট এ্যাডভাইস প্রাপ্তির পর শাখার আয় খাতে জমা করিবার জন্যও অনুরোধ করা হইল।

১৫। নথি/মহানথি / মূল নথি।

০১.১১.১৮
(মোঃ ওবায়েদ উল্যাহ্)
সহকারী মহাব্যবস্থাপক

E:\HRMD3\AHSAN\AHSAN ANNOUNS.doc